

# চরসুবুদ্ধি ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগের পাহাড়, বিচার দাবি

প্রতিনিধি, রায়পুরা (নরসিংদী)

: মঙ্গলবার, ২৫ ফেব্রুয়ারী ২০২৫

নরসিংদীর রায়পুরায় চরসুবুদ্ধি ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার অধ্যক্ষ এবিএম গাজিউর রহমানের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য, শিক্ষার্থীদের প্রক্সি পরীক্ষার সুযোগ প্রদান, জাল স্বাক্ষরের মাধ্যমে এডহক গঠনসহ একাধিক দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগ উঠেছে।

মঙ্গলবার দুপুরে চরসুবুদ্ধি বাজারসংলগ্ন নিজ বাড়িতে সংবাদ সম্মেলন করে এসব কথা জানান মাদ্রাসার প্রতিষ্ঠাতা মৃত মো. হাবিব উল্লাহ খানের ছেলে মো. ছাইফুল্লাহ খান।

তিনি বলেন, ২০২১ সালে প্রতিষ্ঠানটির লাইব্রেরিয়ান পদে নিয়োগে দুর্নীতির অভিযোগ উঠেছে। ওই পদে চাকরি পাইয়ে দেয়ার কথা বলে এক প্রার্থীর কাছ থেকে টাকা নেন অধ্যক্ষ গাজিউর রহমান। ওই ভুক্তভোগীর সঙ্গে অধ্যক্ষের একটি ফোন আলাপের একটি অডিও রেকর্ড রয়েছে। টাকা বিনিময়ে শিক্ষার্থীদের প্রক্সি পরীক্ষা দেয়ার সুযোগ করে দেন তিনি। ২০২৪ সালে জালিয়াতির মাধ্যমে এডহক কমিটি গঠনে জড়িত ছিলেন অধ্যক্ষ। ১৭ ফেব্রুয়ারি প্রতিষ্ঠানটির ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ভোটার তালিকা থেকে একাধিক প্রতিষ্ঠাতা সদস্যকে বাদ দেয়াসহ ভুয়া ভোটার অর্ন্তভুক্ত করার অভিযোগ উঠেছে।

তিনি আরও বলেন, অধ্যক্ষ গাজিউরের দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার কারণে প্রতিষ্ঠানটির শিক্ষার মান এবং শিক্ষার্থীর হার কমেছে। এসব দুর্নীতির প্রতিবাদ করতে গিয়ে বিভিন্ন সময় হয়রানির শিকার হই। অধ্যক্ষের বিরুদ্ধে উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট দপ্তরের অভিযোগ করেও কোনো প্রতিকার পাইনি।

এ সময় অধ্যক্ষ গাজিউর রহমানের দুর্নীতি ও অনিয়ম তদন্ত করে বিচারের আওতায় আনার দাবি জানিয়েছেন মো. ছাইফুল্লাহ খান।

এ ব্যাপারে জানতে চাইলে চরসুবুদ্দি ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ এবিএম গাজিউর রহমান বলেন, তার বিরুদ্ধে আনীত সব অভিযোগ মিথ্যা ও বানোয়াট।